চুক্তি ভঙ্গের অভিযোগে আর্টসেলের বিরুদ্ধে রাকসু জিএসের মামলা



সংগৃহীত ছবি

আয়োজকদের সঙ্গে চুক্তি করার পরও নির্ধারিত কনসার্টে উপস্থিত না হওয়ায় আর্টসেল ব্যান্ডের ভোকালিস্ট জর্জ লিংকন ডি কস্তা ও ব্যান্ড ম্যানেজার খাদেমুল ওয়াহাব মাহেরের বিরুদ্ধে প্রতারণা ও আস্থাভঙ্গের অভিযোগ আনা হয়েছে।

গতকাল বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (রাকসু) সাধারণ সম্পাদক মো. সালাহউদ্দিন এ মামলা দায়ের করেন। তাঁর আইনজীবী কাইয়ুম হোসেন নয়ন জানান, অর্থগ্রহণ করেও শোতে না আসায় এই অভিযোগ আনা হয়েছে।

জবানবন্দি নেওয়ার পর বিচারক তেজগাঁও থানার ওসিকে অভিযোগটি তদন্তের নির্দেশ দেন।

মামলার অভিযোগ অনুযায়ী, ১৫ আগস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ‘৩৬ জুলাই মুক্তির উৎসব’ নামে অনুষ্ঠানের আয়োজন করে। গত ১৯ জুলাই লিংকন ও মাহের এ শোতে অংশ নেওয়ার বিষয়ে সম্মত হন। প্রাথমিক চুক্তি অনুযায়ী ৫ লাখ ৭৫ হাজার টাকার মধ্যে আয়োজকরা তাদের ৫ লাখ ২৫ হাজার টাকা পরিশোধ করেন।

কিন্তু অনুষ্ঠান শুরুর মাত্র কয়েক ঘণ্টা আগে ফেসবুক পোস্টে জানানো হয়—আর্টসেল কনসার্টে উপস্থিত হবে না। এতে আয়োজকদের প্রায় ১৬ লাখ টাকার আর্থিক ক্ষতি হয় বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। ২৫ আগস্ট আইনজীবীর মাধ্যমে নোটিশ পাঠালেও আর্টসেল পক্ষ কোনো উত্তর দেয়নি।